

📃 আল-বালাদ | Al-Balad | ٱلْبَلَد

আয়াতঃ ৯০: ৪

💵 আরবি মূল আয়াত:

لَقُد خَلَقنَا الإنسَانَ فِي كَبَدٍ ؟ ﴿ ٢﴾

নিঃসন্দেহে আমি মানুষকে সৃষ্টি করেছি কন্ট- ক্লেশের মধ্যে। — আল-বায়ান

আমি মানুষকে সৃষ্টি করেছি অত্যন্ত কষ্ট ও শ্রমের মাঝে, (দুনিয়ার প্রত্যেকটি মানুষ কোন না কোন কষ্টের মধ্যে পতিত আছে)। — তাইসিরুল

অবশ্যই আমি মানুষকে সৃষ্টি করেছি ক্লেশের মধ্যে। — মুজিবুর রহমান

We have certainly created man into hardship. — Sahih International

- ৪. নিঃসন্দেহে আমরা মানুষকে সৃষ্টি করেছি কষ্ট-ক্লেশের মধ্যে।(১)
 - (১) এখানে পূর্ববর্তী শপথসমূহের জওয়াবে বলা হয়েছে যে, (لَقَدُ خَلَقْنَا الْإِنْسَانَ فِي كَبَدِ) আয়াতে বর্ণিত كَبَد এর শান্দিক অর্থ শ্রম ও কস্ট। অর্থাৎ মানুষ সৃষ্টিগতভাবে আজীবন শ্রম ও কস্টের মধ্যে থাকে। [ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

- ৪। অবশ্যই আমি মানুষকে সৃষ্টি করেছি বিপদ-কষ্টের মধ্যে। [1]
 - [1] অর্থাৎ, মানুষের জীবন পরিশ্রম ও দুঃখ-কষ্টে পরিপূর্ণ। ইমাম ত্বাবারী এই অর্থকেই গ্রহণ করেছেন। আর এ বাক্যটি হল কসমের জবাব।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6027

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন